

ভিপি নুরের ওপর হামলার বিচার দাবি, ৪৮ ঘণ্টার আলটিমেটাম

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

২৮ মে ২০১৯ ০০:০০ | আপডেট: ২৮ মে ২০১৯ ০০:৫১



সংবাদ প্রতিদিন
আমাদের সময়

বগুড়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি নুরুল হক নুরসহ তার সঙ্গীদের ওপর হামলাকারীদের ৪৮ ঘণ্টার মধ্যে শাস্তির আওতায় আনার দাবি জানিয়েছে বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদ। নইলে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছে তারা। গতকাল সোমবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ শেষে অপরাজেয় বাংলার পাদদেশে আয়োজিত সমাবেশ থেকে এ ঘোষণা দেওয়া হয়। এ সময় নুরের ওপর হামলায় জড়িতদের তালিকা প্রকাশ করেন সংগঠনের আহ্বায়ক হাসান আল মামুন। সমাবেশে সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের আহ্বায়ক হাসান আল মামুন বলেন, বাংলাদেশের ইতিহাস-ঐতিহ্যের সঙ্গে মিশে আছে ঢাকা বিশ্ববিদ্যালয়। এ বিশ্ববিদ্যালয়ের ভিপি ওপর হামলা হয়েছে। এ পর্যন্ত যত হামলা হয়েছে, তার কোনো বিচার হয়নি। বগুড়াতেও ফের এমন হামলার ঘটনা ঘটল। এ হামলা করেছে বগুড়া জেলা ছাত্রলীগের সভাপতি নাসিমুর রাজ্জাক তিতাস, যুগ্ম সাধারণ সম্পাদক তাকভির ইসলাম খান ও প্রচার সম্পাদক মো. মুকুল ইসলাম এবং বগুড়া সরকারি আজিজুল হক কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবদুর রউফ। ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি-সাধারণ সম্পাদকের কাছে আহ্বান জানাচ্ছি হামলাকারীদের সুষ্ঠু তদন্তের মাধ্যমে বিচার করার। ৪৮ ঘণ্টার মধ্যে তাদের বিচার করা না হলে ছাত্রসমাজকে নিয়ে কঠোর আন্দোলন গড়ে তোলা হবে। ডাকসুর সমাজসেবা সম্পাদক আখতার হোসেন বলেন, বিচারহীনতার সংস্কৃতির কারণে সন্ত্রাসীরা হামলা চালাচ্ছে। একটি হামলারও এখনো বিচার হয়নি। এ সন্ত্রাসীদের বিচার না হলে সারাদেশের ছাত্রসমাজ মাঠে নেমে পড়বে। তখন তারা কীভাবে বিচার করে তা দেখতে পাবেন।